

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ১৫, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
প্রজ্ঞাপন

ঢাকা, ২৭ আশ্বিন ১৪৩০/ ১২ অক্টোবর ২০২৩

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.২২.২৪১—মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ০৭ অক্টোবর ২০২৩ তারিখে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল নির্মাণ প্রকল্প উদ্বোধন করেন। প্রখ্যাত স্থপতি রোহানি বাহারিনের নকশায় জাপানের মিতসুবিশি ও ফুজিতা এবং কোরিয়ার স্যামসাংয়ের এভিয়েশন ঢাকা কনসোর্টিয়াম (এডিসি) ২০১৯ সালে নতুন টার্মিনাল নির্মাণের কাজ শুরু করে। এ টার্মিনাল নির্মাণে ব্যয় ২১ হাজার ৩০০ কোটি টাকা নির্ধারণ করা হয় যার মধ্যে পাঁচ হাজার কোটি টাকা অর্থায়ন করবে বাংলাদেশ সরকার এবং অবশিষ্ট অর্থায়ন করবে জাপানের আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা (জাইকা)। ৫ লাখ ৪২ হাজার বর্গমিটার আয়তনের তৃতীয় টার্মিনালটি সম্পূর্ণ চালু হলে অ্যাপ্রোন পার্কিং থাকায় একইসঙ্গে মোট ৩৭টি উড়োজাহাজ পার্ক করা যাবে। এছাড়া, নতুন টার্মিনালে ট্রানজিট যাত্রীদের জন্য একটি বড় লাউঞ্জ বছরে ৪০ লাখ যাত্রীকে সেবা দিতে সক্ষম হবে।

০২। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ ও দূরদর্শী নেতৃত্বের ফলে বাংলাদেশ বিশ্বের সর্বাধুনিক টার্মিনাল নির্মাণে সক্ষম হয়েছে। এটি বাংলাদেশকে একটি আন্তর্জাতিক বিমান পরিবহণের হাব হিসেবে গড়ে তোলার স্বপ্ন বাস্তবায়নের প্রথম মাইলফলক। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে ইতোমধ্যে গৃহীত বিভিন্ন মেগা প্রকল্পসমূহ ক্রমাগত সম্পন্ন করার মাধ্যমে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণের পথে দ্রুত এগিয়ে যাচ্ছে বাংলাদেশ।

( ১৪২৪৭ )

মূল্য : টাকা ৪.০০

০৩। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল নির্মাণ প্রকল্প সফট্ ওপেনিংয়ের মাধ্যমে বৈশ্বিক পরিমন্ডলে বাংলাদেশের ভাবমূর্তি উত্তরোত্তর বৃদ্ধি করায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপনপূর্বক তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা মন্ত্রিসভার ২৪ আশ্বিন ১৪৩০/০৯ অক্টোবর ২০২৩ তারিখের বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়।

০৪। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন  
মন্ত্রিপরিষদ সচিব

**মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব**

২৪ আশ্বিন ১৪৩০  
ঢাকা: ০৯ অক্টোবর ২০২৩

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ০৭ অক্টোবর ২০২৩ তারিখে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল নির্মাণ প্রকল্প উদ্বোধন করেন। প্রখ্যাত স্থপতি রোহানি বাহারিনের নকশায় জাপানের মিতসুবিশি ও ফুজিতা এবং কোরিয়ার স্যামসাংয়ের এভিয়েশন ঢাকা কনসোর্টিয়াম (এডিসি) ২০১৯ সালে নতুন টার্মিনাল নির্মাণের কাজ শুরু করে। এ টার্মিনাল নির্মাণে ব্যয় ২১ হাজার ৩০০ কোটি টাকা নির্ধারণ করা হয় যার মধ্যে পাঁচ হাজার কোটি টাকা অর্থায়ন করবে বাংলাদেশ সরকার এবং অবশিষ্ট অর্থায়ন করবে জাপানের আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা (জাইকা)। ৫ লাখ ৪২ হাজার বর্গমিটার আয়তনের তৃতীয় টার্মিনালটি সম্পূর্ণ চালু হলে অ্যাপ্রোন পার্কিং থাকায় একইসঙ্গে মোট ৩৭টি উড়োজাহাজ পার্ক করা যাবে। এছাড়া, নতুন টার্মিনালে ট্রানজিট যাত্রীদের জন্য একটি বড় লাউঞ্জ বহরে ৪০ লাখ যাত্রীকে সেবা দিতে সক্ষম হবে।

মন্ত্রিসভা মনে করে যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ ও দূরদর্শী নেতৃত্বের ফলে বাংলাদেশ বিশ্বের সর্বাধুনিক টার্মিনাল নির্মাণে সক্ষম হয়েছে। এটি বাংলাদেশকে একটি আন্তর্জাতিক বিমান পরিবহনের হাব হিসেবে গড়ে তোলার স্বপ্ন বাস্তবায়নের প্রথম মাইলফলক। নতুন টার্মিনালটি বিশ্বমানের সকল সুযোগ-সুবিধা এবং যাত্রী পরিষেবার মাধ্যমে দেশের ভাবমূর্তি উজ্জলতর করবে মর্মে মন্ত্রিসভা মনে করে। মন্ত্রিসভা আরও মনে করে যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে ইতোমধ্যে গৃহীত বিভিন্ন মেগা প্রকল্পসমূহ ক্রমাগত সম্পন্ন করার মাধ্যমে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণের পথে দ্রুত এগিয়ে যাচ্ছে বাংলাদেশ।

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল নির্মাণ প্রকল্প সফট ওপেনিংয়ের মাধ্যমে বৈশ্বিক পরিমণ্ডলে বাংলাদেশের ভাবমূর্তি উত্তরোত্তর বৃদ্ধি করায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপনপূর্বক তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছে।